গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা,
ঢাকা-১০০০
সংসদ ও সমন্বয় শাখা
www.probashi.gov.bd

বিষয়: সেপ্টেম্বর, ২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ মোখতার আহমেদ সচিব
সভার তারিখ	০৫ অক্টোবর ২০২৬
সভার সময়	সকাল ১১:৩০ টা
স্থান	মন্ত্রণালয়ের সভা কক্ষ
উপস্থিতি	সভায় উপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট 'ক'।

সভার শুরুতে উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। গত ২১ সেপ্টেম্বর ২০২৬ তারিখে অনুষ্ঠিত আগস্ট ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর, উপসচিব (সংসদ ও সমন্বয় শাখা) সভার আলোচ্যসূচি অনুসারে বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র.নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১.	**নির্বাচনী ইশতেহার অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন**	নির্বাচনী ইশতেহার অনুযায়ী এ মন্ত্রণালয়ে কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলকে নির্দেশনা প্রদান করা হয়।	১.১ নির্বাচনী ইশতেহার অনুযায়ী প্রণয়নকৃত কর্মপরিকল্পনা নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে।	
০২.	**সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও পরবর্তী সভার আলোচ্যসূচি প্রেরণ**	সমন্বয় সভার বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	২.১ সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং পরবর্তী সভার আলোচ্যসূচি প্রত্যেক মাসের সমন্বয় সভার কমপক্ষে ০৫ (পাঁচ) কার্যদিবস পূর্বে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। **উল্লেখ্য, উক্ত সময় অতিক্রম করলে অগ্রগতি প্রতিবেদন গ্রহণ করা হবে না।**	**ক) অনুবিভাগ প্রধান (সকল)** **(খ) দপ্তর/সংস্থার প্রধান (সকল)**
	প্রবাসী কার্ড	সভায় জানানো হয় যে, প্রবাসী কার্ড ইতোমধ্যে চূড়ান্ত হয়েছে। প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমতি পেলে যে কোন সময় এটি উদ্বোধন করা যেতে পারে।	২.২ প্রবাসী কার্ড উদ্বোধন/চালুকরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	
	বৈদেশিক কর্মসংস্থান সংক্রান্ত	প্রধানমন্ত্রীর সভাপতিত্বে এ পর্যন্ত বৈদেশিক কর্মসংস্থান সংক্রান্ত ৪টি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।	২.৩ সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে।	
	GPMS সংক্রান্ত	সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS) ২০২৬-২৭ বাস্তবায়নে সকল অনুবিভাগকে স্ব স্ব কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নির্দেশনা প্রদান করা হয়।	২.৪ সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS) ২০২৬-২৭ এর ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর ২০২৬ পর্যন্ত) নির্ধারিত সময়ে বাস্তবায়ন করতে হবে।	
	ছাদ ভিত্তিক সৌর বিদ্যুৎ স্থাপন	এ মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তরকে নিজস্ব অর্থায়নে ভবনমূহে ছাদ ভিত্তিক সৌর বিদ্যুৎ ((Rooftop Solar) স্থাপনের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	২.৫ বিএমইটি, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ও অন্যান্য অধিদপ্তরসমূহ নিজস্ব অর্থায়নে ভবনমূহে ছাদ ভিত্তিক সৌর বিদ্যুৎ (Rooftop Solar) স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	
০৩.	**ডি-নথির কার্যক্রম**	প্রশাসন ও অর্থ অনুবিভাগের যুগ্মসচিব বলেন যে, সেপ্টেম্বর ২০২৬ মাসে এ মন্ত্রণালয়ের ডি-নথির নিষ্পত্তির হার ৮১.৬৬%। আগস্ট ২০২৬ মাসে এ নিষ্পত্তির হার ছিল ৪০%। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সঠিক পরিকল্পনা গ্রহণ করায় এক মাসের মধ্যেই এ নিষ্পত্তির হার বৃদ্ধি করা সম্ভব হয়েছে। সচিব মহোদয় নিষ্পত্তির এ ধারা অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।	৩.১ মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী ডি-নথির মাধ্যমে ফাইল নিষ্পন্ন করতে হবে। সকল নথি (আর্থিক ও গোপনীয় প্রতিবেদন ব্যতীত) ডি-নথির মাধ্যমেই নিষ্পত্তি করতে হবে। ৩.২ মাস ভিত্তিক চিঠিপত্র নিষ্পত্তির (হার্ডনথি ও ডি-নথি) তথ্য প্রেরণ করতে হবে। ৩.৩ ডি-নথিতে নিষ্পত্তির হার ৯০% এর উপরে উন্নীত করতে হবে।	**প্রশাসন ও অর্থ অনুবিভাগ**
	বাজেট বাস্তবায়ন	অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) বলেন যে, পরিচালন বাজেটের ব্যয়ের হার আশানুরূপ হলেও উন্নয়ন বাজেটের ব্যয়ের হার অনেক পিছিয়ে রয়েছে। উন্নয়ন বাজেট ব্যয়ের লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্টদের অধিকতর তৎপর হতে হবে।	৩.৪ ২০২৬-২৭ অর্থ বছরের অক্টোবর ২০২৬ পর্যন্ত ব্যয়ের পরিমাণ এবং পূর্ববর্তী অর্থ বছরের একই সময়ে ব্যয়ের তুলনামূলক তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	

	প্রচার প্রচারণা	টেলিভিশন, সামাজিক মাধ্যমে প্রচারের জন্য তৈরিকৃত টিভিসি ও ওভিসিসমূহ নতুন করে পর্যালোচনা করা প্রয়োজন মর্মে যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ) সভাকে অবহিত করেন। অত:পর এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। দপ্তর সংস্থাসমূহকে প্রচার প্রচারনায় নিজস্ব পরিকল্পনা প্রণয়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। সামাজিক যোগাযোগ মাধ্যমে নিয়মিত টিভিসি ওভিসিগুলো প্রচার করতে হবে এবং নিয়মিত Boosting করতে হবে। এজন্য আওতাধীন দপ্তর সংস্থাসমূহকে আলাদা বাজেট প্রণয়ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	৩.৫ বিদ্যমান টিভিসি ও ওভিসিসমূহ নতুন করে পর্যালোচনা করতে হবে। এ সংক্রান্ত বিদ্যমান কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ৩.৬ দপ্তরসমূহকে আলাদা প্রচারের জন্য আলাদা পরিকল্পনা প্রণয়নপূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৩.৭ প্রচার-প্রচারণার জন্য দপ্তরসমূহকে আলাদা বাজেট প্রণয়নপূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	
	মন্ত্রণালয় এবং শ্রম কল্যাণ উইংসমূহের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে পদ সৃজন	মন্ত্রণালয়ের অনুমোদিত অনুবিভাগ ৪টি থাকলেও কর্মপরিধি বৃদ্ধির ফলে বর্তমানে ৮টি অনুবিভাগের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। অবশিষ্ট অনুবিভাগসমূহের জন্য পদ সৃজন করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করা হয়। প্রবাসী কর্মীদের তুলনায় শ্রম কল্যাণ উইংসমূহে জনবল কম থাকায় তা বৃদ্ধির লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ে ৬১টি পদের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। যা ফলোআপ করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা করা হয়।	৩.৮ মন্ত্রণালয়ের অনুবিভাগসমূহে জনবল বৃদ্ধির লক্ষ্যে পদ সৃজনের গৃহীত পদক্ষেপ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৩.৯ মিশনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে শ্রম কল্যাণ উইংসমূহে পদ সৃজনের বিষয়ে গৃহীত পদক্ষেপের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	
	অডিট আপত্তি নিষ্পন্নকরণ	অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় সভা আয়োজনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	৩.১০ অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা অর্থবছর অনুযায়ী আলাদাভাবে প্রদান করতে হবে। ৩.১১ অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্তের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	
	মৃতদেহ দ্রুত আনয়নের লক্ষ্যে রাজস্ব খাতে বাজেট বরাদ্দ নিশ্চিতকরণ	সভাকে অবহিত করা হয় যে, মৃতদেহ আনায়ন খাতে ২০২৬-২৭ অর্থবছরে রাজস্ব বাজেট বরাদ্দ ৪.০০ (চার) কোটি টাকা। এ পর্যন্ত খরচ হয়েছে ২.৬৮ কোটি টাকা। বরাদ্দকৃত অর্থের মাধ্যমে সমগ্র অর্থবছরের মৃতদেহ আনায়নের ব্যয় মেটানো সম্ভব হবে না। অনতিবিলম্বে এ খাতে অতিরিক্তি অর্থের সংকোলন করা প্রয়োজন।	৩.১২ মৃতদেহ দ্রুত দেশে আনয়নের লক্ষ্যে অতিরিক্ত বাজেট বরাদ্দ নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	
০৪.	**শ্রম কল্যাণ উইংসমূহের সক্ষমতা বৃদ্ধি ও নতুন কনস্যুলেট স্থাপন**	সার্বিয়া, পর্তুগাল, নর্থ মেসিডোনিয়ায় অধিক কর্মী বাংলাদেশী থাকায় দেশে জনশক্তি বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ কনস্যুলেটে শ্রম কল্যাণ উইং খোলা যেতে পারে মর্মে সভাকে অবহিত করা হয়। দূতাবাসে কর্মকর্তাদের নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। ২০২৫-২৬ অর্থবছরে ১২টি দেশ হতে ২৯টি মৃতদেহ ১ কোটি ১৯ লক্ষ ৬৩ হাজার টাকা ব্যয়ে দেশে আনা হয় মর্মে সভাকে অবহিত করা হয়।	৪.১ নতুন নতুন শ্রম কল্যাণ উইং/কনস্যুলেট খোলার বিষয়ে গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৪.২ জহর বাহ্‌রু (Johor bahru) প্রদেশে সদ্য স্থাপিত বাংলাদেশ কনস্যুলেটে শ্রম কল্যাণ উইং খোলার উদ্যোগ গ্রহণ করতে হবে। ৪.৩ সার্বিয়া, পর্তুগাল, নর্থ মেসিডোনিয়ায় বাংলাদেশ দূতাবাস কনস্যুলেটে শ্রম কল্যাণ উইং খোলার উদ্যোগ গ্রহণ করতে হবে। ৪.৪ মিশন ও কল্যাণ অনুবিভাগ কর্তৃক অক্টোবর ২০২৬ এ সম্পাদিত কল্যাণ সংক্রান্ত কাজের বিবরণী পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৪.৫ দূতাবাসে কর্মকর্তাদের নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। ৪.৬ মৃতদেহ দ্রুত দেশে আনতে হবে। এ সংক্রান্ত তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	**মিশন ও কল্যাণ অনুবিভাগ**
০৫.	**শৃঙ্খলা মামলা নিষ্পত্তি**	১টি মামলা তদান্তাধীন রয়েছে এবং ৪টি মামলা আদালতে বিচারাধীন রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য নির্দেশনা প্রদান করা হয়।	৫.১ অনিষ্পন্ন শৃঙ্খলা মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করে অগ্রগতি জানাতে হবে। মামলার তালিকা, নিষ্পত্তি এবং অনিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে শৃঙ্খলা মামলাসমূহ নিষ্পত্তি করতে হবে।	**দপ্তর ও সংস্থা অনুবিভাগ**
০৬.	**DIASPORA নীতির অগ্রগতি**	**সেপ্টেম্বর-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয়:** ভেটিংকৃত খসড়া ডায়াসপোরা নীতি, ২০২৬ লেজেসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে গত ১৬.০৯.২০২৬ তারিখে এ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে। GCM-NAP: ১৭.০৯.২০২৬ তারিখে এ মন্ত্রণালয়ের সচিবের সভাপতিত্বে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পররাষ্ট্র সচিব কো-চেয়ার হিসেবে দায়িত্ব পালন করেন। সভায় আগত প্রতিনিধিবৃন্দের মতামতের আলোকে BMCT Secretariate গঠন করা হয়েছে। একই সাথেGCM-NAP বাস্তবায়ন ত্বরান্বিত করতে ০৫টি Working Committe গঠন করা হয়েছে। পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে। CMW: International Convention on the Protection of the Rights of All Migrant Workers and Members of their Families (CMW) Bangladesh's 2nd Periodic Report এর খসড়া প্রণয়ন করা হয়েছে। পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে।	৬.১ ডায়াসপোরা নীতি প্রণয়ন বিষয়ে গৃহীত পদক্ষেপের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৬.২ National Action Plan (NAP) for Implementing the Global Compact for Safe, Orderly and Regular Migration (GCM) in Bangladesh, ২০২৬-২০৩০ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। ৬.৩ আন্তর্জাতিক সংস্থা ও পলিসি অনুবিভাগ কর্তৃক অক্টোবর ২০২৬ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	**আন্তর্জাতিক সংস্থা ও পলিসি অনুবিভাগ/বিএমইটি/ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড/ বোয়েসেল**

০৭.	**MoU বাস্তবায়ন সংক্রান্ত**	'নারী গৃহকর্মী সুরক্ষা সংক্রান্ত গাইডলাইন' প্রণয়নের কাজটি GPMS-এ অন্তর্ভুক্ত থাকায় দ্রুত সম্পন্ন করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করা হয়। অভিবাসন ব্যয় নির্ধারণের বিষয়টি অনেক দিনের পুরনো হওয়ায় দ্রুত সম্পন্নের নির্দেশনা প্রদান করা হয়।	৭.১ কর্মসংস্থান অনুবিভাগ কর্তৃক অক্টোবর ২০২৬ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৭.২ বিভিন্ন দেশের অভিবাসন ব্যয়/সত্যায়ন ফি নির্ধারণ দ্রুত সম্পন্ন করতে হবে। ৭.৩ 'নারী গৃহকর্মী সুরক্ষা সংক্রান্ত গাইডলাইন' প্রণয়নের বিষয়ে গঠিত কমিটির গৃহীত পদক্ষেপ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	**কর্মসংস্থান অনুবিভাগ**
০৮.	**অভিযোগ সংক্রান্ত তথ্য**	**সেপ্টেম্বর-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয়:** ■ প্রাপ্ত অভিযোগ : ১৬৮টি ■ পূর্বের জের : ১৭৬টি ■ মোট অভিযোগ : ৩৪৪টি ■ অভিযোগ নিষ্পত্তি : ১৫৫টি ■ অনিষ্পন্ন অভিযোগ : ১৮৯টি **গৃহীত ব্যবস্থা/শাস্তি প্রদান** ■ লাইসেন্স স্থগিত/সার্ভার লক : ৯টি, স্থগিতাদেশ প্রত্যাহার বা সার্ভার লক খোলা হয়েছে : ৩টি, লাইসেন্স প্রত্যাহার : ০০, লাইসেন্স বাতিল ও জামানত বাজেয়াপ্ত : ০ ■ অভিযোগের গুরুত্ব অনুযায়ী শাখা/উইং পর্যায়ে শুনানী গ্রহণ করা হয়; ■ অন্যান্য উইংয়ের কর্মকর্তাদের শুনানীর জন্য দায়িত্ব প্রদান করা হয়; ■ বিএমইটি হতে অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন নেয়া হয়; ■ উইং পর্যায়ে সমন্বয় সভা করা হয়;	৮.১ রিক্রুটিং এজেন্টদের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। অভিযোগ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে অন্যান্য অনুবিভাগের কর্মকর্তাগণকে শুনানীর দায়িত্ব প্রদান করতে হবে। ৮.২ প্রতিবেদনাধীন মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা, প্রতিবেদনাধীন মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা এবং অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৮.৩ অভিযোগ নিষ্পত্তির তথ্য সংক্ষিপ্ত ছক আকারে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	**মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগ**
	মনিটরিং সংক্রান্ত কার্যক্রম	মনিটরিং সংক্রান্ত কার্যক্রম আরো জোরদার করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	৮.৪ রিক্রুটিং এজেন্ট ও মেডিকেল সেন্টারসমূহ সরেজমিন পরিদর্শনসহ মনিটরিং সংক্রান্ত কার্যক্রম আরো গতিশীল করতে হবে।	
	মেডিকেল সংক্রান্ত কার্যক্রম	স্বাস্থ্য পরীক্ষা কেন্দ্রসমূহকে বাধ্যতামূলকভাবে এ মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণের ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্ট নীতিমালা সংশোধন করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করা হয়। **সেপ্টেম্বর-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয়:** **মেডিকেল সেন্টার তালিকাভূক্তি সংক্রান্ত তথ্য:** তালিকাভুক্ত : ১৮১ টি বিবেচ্য মাসে তালিকাভূক্ত : - মোট : ১৮১ টি তালিকাভুক্তির নতুন আবেদন প্রাপ্তি : ৯৬ টি	৮.৫ তালিকাভূক্তির জন্য আবেদনযোগ্য মেডিকেল সেন্টারসমূহকে জরুরিভিত্তিতে মন্ত্রণালয়ের তালিকাভুক্তির লক্ষ্যে কার্যক্রম জোরদার করতে হবে। ৮.৬ মেডিকেল সেন্টারসমূহের তালিকাভুক্তি নবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট নীতিমালা সংশোধনের কার্যক্রম গ্রহণ করতে হবে।	
	আইন সংক্রান্ত	মহামান্য হাইকোর্টে চলমান মামলাসমূহে সরকারের স্বার্থ সংরক্ষণের নিমিত্ত প্যানেল আইনজীবীগণের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষাসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। **সেপ্টেম্বর-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয়:** মন্ত্রণালয় ও দপ্তর সংস্থাসমূহের প্রতিনিধিগণ কর্তৃক বিজ্ঞ প্যানেল আইনজীবীগণের সাথে সার্বক্ষণিক যোগাযোগের মাধ্যমে মামলা সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সমন্বয়ে মামলার সার্বিক কার্যক্রম পর্যালোচনা করা হয় এবং যথাযথভাবে Statement of Facts (SF) প্রেরণ করা হয়।	৮.৭ মহামান্য হাইকোর্ট এ চলমান মামলাসমূহে সরকারের স্বার্থ সংরক্ষণের নিমিত্ত প্যানেল আইনজীবীগণের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে হবে। এসএফ যথাযথভাবে প্রেরণ করতে হবে। ৮.৮ বিএমইটি ও জনপ্রশাসন কর্তৃক পরিচালিত মোবাইল কোর্টের কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণ করতে হবে।	

০৯.	**প্রশিক্ষণ সংক্রান্ত**	Continuous Discharge Certificate (Cadet CDC) বিষয়টি অত্যন্ত গুরুত্বের সাথে নিয়মিত ফলোআপ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। **সেপ্টেম্বর-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয়:** IOM এর সূত্রে জানা যায় PDO Video Clip নির্মাতা প্রতিষ্ঠান Empty Yard (Production House) IOM এর কার্যাদেশ অনুযায়ী প্রস্তুতকৃত Draft Version IOM-কে সরবরাহ করেছে। ভিডিও গুলোর লিংক ইতোমধ্যে এ মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ প্রধানদের নিকট শেয়ার করা হয়েছে। প্রস্তুতকৃত ভিডি ক্লিপগুলো টিটিসিসহ সংশ্লিষ্ট সকল প্রশিক্ষকদের সমন্বয়ে প্রদর্শনের জন্য IOM-কে জানানা হয়েছে।। IMT গ্র্যাজুয়েটদের CDC প্রাপ্তির জটিলতা নিরসনের লক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ে পত্র প্রেরণের পর উভয় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীদের সমন্বয়ে সভা আহবানের বিষয়টি নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক সভার তারিখ ও সময় প্রদানের বিবেচনার জন্য রয়েছে। ১। জাপানে কর্মী প্রেরণের লক্ষ্যে জাপানের মানদন্ড অনুযায়ী প্রশিক্ষণ প্রদান নিশ্চিতকরণ এবং ফর্কলিফট অপারেটর কর্মী ভান্ডার গড়ে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ১৭.০৯.২০২৬ তারিখে বিএমইটি-কে পত্র দেয়া হয়েছে। ২। বাংলাদেশ জাতীয় সংসদের পঞ্চগড়-১ আসনের সংসদ সদস্য মহোদয় কর্তৃক প্রেরিত আধা-সরকারি পত্রের চাহিদার ভিত্তিতে পঞ্চগড় কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP)-এর আওতায় ৫টি ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রম সংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য Executive Program Director (EPD) Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP)-কে পত্র দেয়া হয়েছে। ৩। সার্বিয়ার শ্রম বাজারে বাংলাদেশী কর্মীদের কর্মসংস্থানের লক্ষ্যে সার্বিয়ান Assistant Minister for International Cooperation at the Serbian Ministry of Labour-এর সাথে বাংলাদেশ দূতাবাস, রোম প্রতিনিধির মধ্যে অনুষ্ঠিত সভার প্রেক্ষিতে সার্বিয়ান কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক সার্বিয়ান শ্রম বাজারের requirement অনুযায়ী সংশ্লিষ্ট ট্রেডের pre-departure training এবং সার্বিয়ান ভাষা প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ২৭.০৯.২০২৬ তারিখে বিএমইটি-কে পত্র দেয়া হয়েছে।	৯.১ PDO প্রশিক্ষণ ম্যানুয়েল চূড়ান্তকরণ সংক্রান্ত সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৯.২ Continuous Discharge Certificate (Cadet CDC) বিষয়ে গৃহীত পদক্ষেপের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৯.৩ প্রশিক্ষণ অনুবিভাগ কর্তৃক অক্টোবর ২০২৬ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৯.৪ ডি নথির বিষয়ে সকল কর্মকর্তা-কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করতে হবে।	**প্রশিক্ষণ অনুবিভাগ**

১০.	**উন্নয়ন বাজেট ত্বরান্বিতকরণ**	অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) বলেন যে, পরিচালন বাজেটের ব্যয়ের হার আশানুরূপ হলেও উন্নয়ন বাজেটের ব্যয়ের হার অনেক পিছিয়ে রয়েছে। উন্নয়ন বাজেট ব্যয়ের লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্টদের অধিকতর তৎপর হতে হবে। **সেপ্টেম্বর-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয়:** ▪ "উপজেলা পর্যায়ে ৫০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় ১৫টি উপজেলায় কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে ভূমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন প্রদানের জন্য ০৬ সেপ্টেম্বর ২০২৬ তারিখ শিল্প ও শক্তি বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। ▪ "Korea International Co-operation Agency (KOICA) এর আর্থিক অনুদান সহায়তায় বাস্তবায়নের জন্য "The Ex-post Management Project for 'Enhancing the Vocational Training Program of BKTTC, Chittagong" শীর্ষক প্রকল্পটির Development Project Proforma/Proposal (DPP) পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও অনুমোদনের জন্য ০৭ সেপ্টেম্বর ২০২৬ তারিখ শিল্প ও শক্তি বিভাগে প্রেরণ করা হয়েছে। ▪ "The Ex-post Management Project for Enhancing the Vocational Training Program of BKTTC. Chittagong" শীর্ষক প্রকল্পের বৈদেশিক অর্থায়ন প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে Record of Discussions (ROD) স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণের জন্য ০৭ সেপ্টেম্বর ২০২৬ তারিখ অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করা হয়েছে। ▪ "অননুমোদিত ৪টি প্রকল্প ২০২৬-২৭ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় অননুমোদিত প্রকল্পের তালিকাভূক্ত করা অর্থাৎ সবুজ পাতায় অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ০৯ সেপ্টেম্বর ২০২৬ তারিখ কার্যক্রম বিভাগ এবং শিল্প ও শক্তি বিভাগে প্রেরণ করা হয়েছে। ▪ "দেশ-বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় ৪০টি ড্রাইভিং সিমুলেটর ক্রয়ের জন্য অর্থ বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২১ সেপ্টেম্বর ২০২৬ তারিখ শিল্প ও শক্তি বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।	১০.১ পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ কর্তৃক অক্টোবর ২০২৬ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	**পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ**
১১.	**জব ফেয়ার এর আয়োজন**	**সেপ্টেম্বর-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয়:** বিএমইটি'র অধীন দপ্তরসমূহের মাধ্যমে ২০২৬-২৭ অর্থবছরে আয়োজিত জব ফেয়ারের সংখ্যা-৪৯টি এবং জব ফেয়ারের মাধ্যমে মোট কর্মসংস্থান ৯৬৬২ জন (বৈদেশিক-৮০৭৫জন, স্থানীয়-১৫৮৭জন)। সেপ্টেম্বর/২০২৬ মাসে আয়োজিত জব ফেয়ারের সংখ্যা-১৫টি এবং জব ফেয়ারের মাধ্যমে মোট কর্মসংস্থান ৫০৬২ জন (বৈদেশিক-৩৫৯৭জন, স্থানীয়-১৪৬৫জন)। সেপ্টেম্বর ২০২৬ মাসে ১৫টি জব ফেয়ারের মাধ্যমে ৩৫৯৭ জনের বৈদেশিক কর্মসংস্থান হয়েছে।	১১.১ ২০২৫-২৬ অর্থবছরের প্রতিবেদনাধীন মাসে (অক্টোবর ২০২৬) এবং আলোচ্য অর্থবছরে আয়োজনকৃত জব ফেয়ারের মাধ্যমে কতজন অংশগ্রহণকারী চাকুরী পেয়ে বিদেশে গমন করেছে এবং স্থানীয়ভাবে কর্মসংস্থান হয়েছে উভয় তথ্য পৃথক পৃথকভাবে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। ১১.২ কোন টিটিসির মাধ্যমে কতজন চাকুরির নিমিত্ত বিদেশ গমন করেছেন সে তথ্য উপস্থাপন করতে হবে।	**জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো**

প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম জোরদার	**সেপ্টেম্বর-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয়:** বিএমইটি'র আওতাধীন ৭২ টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে ০৮টি বিদেশী ভাষার উপর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। বর্তমান সরকারের নির্বাচনি ইশতেহার অনুযায়ী ভাষা প্রশিক্ষণ কার্যক্রমের পরিধি ও গুরুত্ব বিবেচনায় জাপানিজ, ফরাসি, ইটালিয়ান, রাশিয়ান, পর্তুগীজ এবং স্প্যানিস ভাষায় আরো ৭০ জন অতিথি ভাষা প্রশিক্ষক নিয়োগের লক্ষ্যে গত ২৩ এপ্রিল ২০২৬ তারিখে জাতীয় দৈনিক পত্রিকায় (প্রথম আলো, ডেইলি স্টার, দৈনিক ইত্তেফাক) নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত বিজ্ঞপ্তির বিপরীতে জাপানিজ-৩৯ টি, ফরাসি- ২৪ টি, ইটালিয়ান ১৪ টি, রাশিয়ান-১০ টি, স্প্যানিস- ৫ টি আবেদন পাওয়া যায় ও পর্তুগিজ ভাষায় কোন আবেদন পাওয়া যায়নি। প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে নিয়োজিতকরণ পরীক্ষটি গত ১৫ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। পূর্বে নিয়োজিত ভাষা প্রশিক্ষকদের সম্মানী প্রদানের ক্ষেত্রে বাজেট স্বল্পতা এবং নিয়োজিতকরণ পরীক্ষা সম্পন্ন করার ক্ষেত্রে ভাষা প্রশিক্ষণ কোর্সের ব্যাংক হিসাবে পর্যাপ্ত অর্থ সংকুলান না থাকায় নতুন অতিথি ভাষা প্রশিক্ষক নিয়োজিতকরণ পরীক্ষাটি স্থগিত করা হয়। আইএমটি ও টিটিসিতে জুলাই-সেপ্টেম্বর/২৬ সেশনে নিয়মিত ও প্রকল্পের আওতায় বিভিন্ন কোর্সে সর্বমোট ১৬,৯৭৪ জনের দক্ষতা প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।	১১.৩ ভাষা প্রশিক্ষক নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। ১১.৪ অক্টোবর/২৬ মাসে কতজনকে কি কি ট্রেডে প্রশিক্ষণ দেয়া হয়েছে তার তথ্য উপস্থাপন করতে হবে।
মনিটরিং কার্যক্রম জোরদারকরণ/নিরাপদ অভিবাসন সংক্রান্ত	**সেপ্টেম্বর-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয়:** মোট অভিযোগ প্রাপ্তি- ৫১১, তদন্ত কর্মকর্তা নিয়োগ- ৪৫৭, সালিশ কর্মকর্তা নিয়োগ- ১০, মোট নিষ্পত্তি-১৪৬ (ম্যানুয়ালি-১৪০ এবং OEP-০৬) । সেপ্টেম্বর/২০২৬ মাসে আদায়কৃত ক্ষতিপূরণ: ৮৪,০৫,০০০/-। বিএমইটি'র সকল শাখার উপপরিচালক এবং সহকারী পরিচালকগণকে তদন্ত ও সালিশ কর্মকর্তা নিয়োগপূর্বক অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে।	১১.৫ অভিবাসন সম্পর্কিত অভিযোগ প্রাপ্তি ও নিষ্পত্তির অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপন করতে হবে। ১১.৬ সকল কর্মকর্তাকে সম্পৃক্ত করে বিদ্যমান অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। ১১.৭ অনিষ্পন্ন/তদন্তাধীন অভিযোগের মোট সংখ্যা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।
Overseas Employment Platform (OEP)	**সেপ্টেম্বর-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয়:** মোট অভিযোগ প্রাপ্তি- ৫১১, তদন্ত কর্মকর্তা নিয়োগ- ৪৫৭, সালিশ কর্মকর্তা নিয়োগ- ১০, মোট নিষ্পত্তি নিষ্পত্তি-৬। গত ৩০.০৭.২০২৬ তারিখে মাননীয় প্রতিমন্ত্রীর উপস্থিতিতে OEP এর Complaint মডিউলটি সকলের জন্য উন্মুক্ত করার নিমিত্ত উদ্বোধন করা হয়েছে। তৎপ্রেক্ষিতে ০১.০৯.২০২৬ তারিখ হতে সকল অভিযোগ Online-এ দাখিল হচ্ছে।	১১.৮ অক্টোবর ২০২৬ মাসে OEP তে Upload কৃত অভিযোগের সংখ্যা, নিষ্পত্তির সংখ্যা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ১১.৯ অনিষ্পন্ন, তদান্তাধীন অভিযোগসমূহ OEP-এর Complaint মডিউল-এ দ্রুত Upload করতে হবে।
TAKAMOL	TAKAMOL স্কিল টেস্টে অংশগ্রহণকারীরা যাতে আরো বেশি পাশ করতে পারে সে বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য সভায় আলোচনা করা হয়। **সেপ্টেম্বর-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয়:** সৌদি সরকারের Skills Verification Program (SVP) এর মাধ্যমে সৌদিআরব গমনেচ্ছু কর্মীদের স্কিল টেস্ট বাস্তবায়নের নিমিত্ত Takamol এর তত্বাবধানে বিএমইটি এর আওতায় বর্তমানে ৩০ টি [টিটিসি - ২৮টি, বিআরটিসি ট্রেনিং সেন্টার- ১টি ও ইনস্টিটিউট অব মাইনিং, মিনারোলজি এন্ড মেটালার্জি (আইএমএমএম), জয়পুরহাট- ১টি] টেস্ট সেন্টার সম্পৃক্ত রয়েছে। কেন্দ্রসমুহে সৌদি আরবগামী কর্মীদের মোট ৯০টি পেশায় Skills Test গ্রহণ করা হচ্ছে। Takamol এর চাহিদা অনুযায়ী স্কিল টেস্ট গ্রহণে নুতন আরও ২৬ টি পেশার মধ্যে ২২টি পেশার প্রয়োজনীয় যন্ত্রপাতির তালিকা ও ডকুমেন্ট Takamol বরাবর অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে । প্রেরণকৃত ২২টি পেশার মধ্যে Takamol কর্তৃক ইতোমধ্যে ৯ টি পেশায় টেস্ট গ্রহণের অনুমোদন পাওয়ায় টেস্টিং কার্যক্রম শুরু করা হয়েছে। এছাড়া, Takamol এর চাহিদার ভিত্তিতে হোটেল হাউসকিপিং পেশায় স্কিল টেস্ট গ্রহণে অনুমোদনের প্রেক্ষিতে টেস্ট চালু করা হয়েছে । এ পর্যন্ত মোট ৪,৫৯,০৭৭ জন কর্মী বিভিন্ন অকুপেশনে স্কিলস টেষ্টে অংশগ্রহণ করে এবং এর মধ্যে ৩,৩২,২৩১ জন উত্তীর্ণ হয়। উত্তীর্নের হার- ৭২.৩৭ %। এছাড়া ২৫টি টিটিসিতে লোডিং আনলোডিং পেশায় এবং ১০ টি টিটিসিতে কিছু অপ্রচলিত পেশায় সৌদি আরবগামী কর্মীদের স্কিল টেষ্টে অংশগ্রহণ পূর্ববর্তী প্রস্তুতিমূলক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।	১১.১০ TAKAMOL এর সঙ্গে সমন্বয় করে স্কিল টেস্ট অনুষ্ঠানকে আরও ফলপ্রসু করার লক্ষ্যে বিএমইটি'র অধীন প্রয়োজনীয় সংখ্যক টেস্টিং ও ট্রেনিং সেন্টার প্রস্তুতের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

১২.	**মৃতদেহের ক্ষতিপূরণ প্রাপ্তি সহজীকরণ**	**সেপ্টেম্বর-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয়:** • সেপ্টেম্বর ২০২৬ মাসে ৪৪৩জন প্রবাসী কর্মীর মৃতদেহ দেশে আনা হয়। বিমানবন্দরসমূহে "লাশ পরিবহন ও দাফন খরচ" বাবদ ৩৫ (পঁয়ত্রিশ) হাজার টাকা করে (৩৫০০০×৪৪৩) = ১.৫৫ কোটি টাকা মৃত ব্যক্তির অনুকূলে বিতরণ পূর্বক নথিসমূহ নিষ্পত্তি করা হয়েছে। • ইতঃপূর্বে প্রদত্ত আবেদনের প্রেক্ষিতে সেপ্টেম্বর ২০২৬ মাসে ৪৬৯জন মৃত ব্যক্তির পরিবারের অনুকূলে আর্থিক অনুদান বাবদ ১৩.৬৮ কোটি টাকা প্রদান করা হয়েছে। • সেপ্টেম্বর ২০২৬ মাসে আর্থিক অনুদান সংক্রান্ত ৩৬৮টি আবেদন পাওয়া যায়। আবেদনগুলোর নিষ্পত্তির প্রক্রিয়া চলমান। • সেপ্টেম্বর ২০২৬ মাসে ১১২ জন মৃত ব্যক্তির জীবন বীমার ক্ষতিপূরণ বাবদ ১০.৯৫ কোটি টাকা প্রদান করা হয়েছে। • সেপ্টেম্বর ২০২৬ মাসে ০৬ মাসের মধ্যে ফেরত আসা ৪৪৭ জন কর্মীকে ৫০ হাজার টাকা করে বীমার অর্থ বাবদ প্রায় ২.২৫ কোটি টাকা প্রদান করা হয়েছে। • সেপ্টেম্বর ২০২৬ মাসে জীবন বীমার ক্ষতিপূরণ সংক্রান্ত ৮৬ জন মৃত ব্যক্তির পরিবার হতে আবেদন পাওয়া গিয়েছে।	১২.১ মৃত ব্যক্তির পরিবারকে আর্থিক অনুদান প্রদানের বিষয়ে প্রাপ্ত আবেদন সংখ্যা, নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা এবং অনিষ্পন্ন আবেদনের সংখ্যা, কতদিন ধরে অনিষ্পন্ন রয়েছে, কী কারণে অনিষ্পন্ন রয়েছে এ সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ১২.২ জীবন বীমার ক্ষতিপূরণ বিষয়ে প্রাপ্ত আবেদন সংখ্যা, নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা এবং অনিষ্পন্ন আবেদনের সংখ্যা, কতদিন ধরে অনিষ্পন্ন রয়েছে, কী কারণে অনিষ্পন্ন রয়েছে এ সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**

১৩.	**বিভিন্ন দেশে কর্মী প্রেরণ ও নিরাপদ অভিবাসন সংক্রান্ত**	**সেপ্টেম্বর-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয়:** ২০২৬-২৭ অর্থবছরে সেপ্টেম্বর মাসে মোট প্রেরণ করা হয়েছে ১১৮৬ জন। ■ মালয়েশিয়াতে মোট ৭৮৭৩ জন কর্মীকে কনস্ট্রাকশন ও ট্যুরিজম সেক্টরে নিয়োগের লক্ষ্যে Construction Labour Exchange Centre Berhad (CLAB) কর্তৃক ২৯৯০ জন কর্মীর পরীক্ষা নেয়া হয়েছে। তৎমধ্যে ১৯৬৩ জন কর্মী পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং ১৭৩৮ জন কর্মী মেডিকেল পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। ■ যারা উত্তীর্ণ হয়েছে তাদের মধ্যে ১৫৭৯জন কর্মীর প্রশিক্ষণ শেষ হয়েছে। ১৫৮ জন কর্মী প্রশিক্ষণ করার জন্য অপেক্ষামান রয়েছে। অদ্যাবধি ১,১১৯ জন কর্মী মালয়েশিয়া গমন করেছে। ■ বোয়েসেল পরিচালনা পর্ষদের ৩১৯ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী বোয়েসেল-এর মাধ্যমে বাংলাদেশ হতে দক্ষিণ কোরিয়ায় উচ্চ শিক্ষার জন্য শিক্ষার্থী প্রেরণের উদ্দেশ্যে Student Consultancy Firm-এর সাথে চুক্তি, স্টুডেন্ট ভিসা প্রসেস অনুমোদন ও সার্ভিস চার্জ এবং এজেন্ট ফি নির্ধারণ করা হয়। ২০ মে ২০২৫ তারিখ দক্ষিণ কোরিয়ার Korea Culture & Convergence এবং NSER Korea Co. Ltd.-এর সাথে বোয়েসেল-এর চুক্তি স্বাক্ষরিত হয়। ডিসেম্বর ২০২৫ **ইনটেক** থেকে বোয়েসেল দক্ষিণ কোরিয়ায় অনার্স, মাস্টার্স ও ভাষা কোর্সে শিক্ষার্থী প্রেরণের কার্যক্রম শুরু করে। এ পর্যন্ত বোয়েসেল-এর মাধ্যমে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভাষা কোর্সে ২৫ জন, অনার্সে ২ জন এবং মাস্টার্সে ১৭ জন শিক্ষার্থী দক্ষিণ কোরিয়ায় গমন করেছে। বর্তমানে জুন ও সেপ্টেম্বর ২০২৬ **ইনটেকে** শিক্ষার্থী প্রেরণের কার্যক্রম চলমান আছে। সার্বিয়া ও মলদোভায় শ্রম বাজার সম্প্রসারণের লক্ষ্যে প্রতিনিধিদল গঠনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সে অনুযায়ী কাজ চলমান রয়েছে। হংকং একটি উন্নত দেশ যেখানে বয়স্ক জনগোষ্ঠীর সংখ্যা বর্তমানে বেশি। বয়স্ক জনগোষ্ঠী ও শিশুদের দেখাশোনা করার জন্য সেখানে বর্তমানে ডমেস্টিক হেল্পার বা কেয়ার গিভারের প্রচুর চাহিদা রয়েছে। ২০২৫ সালের ৩০ অগাস্ট Patpong Employment Company-এর সাথে বোয়েসেল-এর চুক্তি হয় এবং ১৫০ জন ডমেস্টিক হেল্পারের চাহিদা পাওয়া যায়। এখন পর্যন্ত ৬ জন কর্মী হংকং গমন করেছে।	১৩.১ বোয়েসেল কর্তৃক বিভিন্ন দেশে ২০২৫-২৬ অর্থ বছরে প্রেরিত কর্মীর সংখ্যাসহ প্রতিবেদনাধীন মাসে (অক্টোবর ২০২৬) কর্মী প্রেরণের বিষয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। ১৩.২ মালয়েশিয়ায় কর্মী প্রেরণ সংক্রান্ত সর্বশেষ তথ্য পরবর্তী সভায় অবগত করতে হবে এবং যেতে না পারা কর্মীদের নূন্যতম সময়ের মধ্যে মালয়েশিয়া প্রেরণ করতে হবে। ১৩.৩ দক্ষিণ কোরিয়ার সাথে সম্পাদিত সমঝোতা স্মারকের আওতায় কতজন ভাষা ও স্নাতক শিক্ষার্থী দক্ষিণ কোরিয়ায় গমন করেছে তার তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ১৩.৪ সার্বিয়া ও মলদোভায় শ্রম বাজার সম্প্রসারণের লক্ষ্যে প্রতিনিধিদল প্রেরণ করতে হবে। ১৩.৫ হংকং-এ কর্মী প্রেরণের উদ্যোগ গ্রহণ করতে হবে।	**বোয়েসেল**
১৪.	**ঋণ বিতরণ কার্যক্রম**	**সেপ্টেম্বর-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয়:** ■ ২০২৬-২৭ অর্থবছরে সেপ্টেম্বর/২০২৬ মাসে সর্বমোট রেমিট্যান্স বিতরণের পরিমান ২,১২,৪১৩.৮৩/- টাকা। প্রবাসী কল্যাণ ব্যাংক ইসলামিক ব্যাংকিং উইন্ডো চালুকরণের নিমিত্ত শরিয়াহ সুপারভাইজারী বোর্ড গঠনে অত্র ব্যাংকের পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের আলোকে ইসলামিক ফাউন্ডেশনকে সদস্য মনোনয়নের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। সদস্য তালিকা চুড়ান্ত হলে পর্ষদের অনুমোদনক্রমে পরবর্তী কর্মসূচী গ্রহণ করা হবে। ক) প্রথম পর্যায়ে জনতা ব্যাংকের মাধ্যমে প্রবাসী কার্ড Launching করা হবে। খ)দ্বিতীয় পর্যায়ে BIN Sponsorship এর মাধ্যমে জনতা ব্যাংকের Nostro Account ব্যবহার করে Payment Service Operator এর সাথে integration এর মাধ্যমে প্রবাসী কল্যাণ ব্যাংক কর্তৃক প্রবাসী কার্ড ইস্যু করা হবে।	১৪.১ অক্টোবর ২০২৬ মাসে কতজনকে কোন কোন খাতে কী পরিমাণ ঋণ দেয়া হয়েছে সে সংক্রান্ত প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে। ১৪.২ অক্টোবর ২০২৬ মাসে আহরিত রেমিট্যান্সের পরিমাণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ১৪.৩ Islamic Window খোলার বিষয়ে গৃহীত পদক্ষেপের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ১৪.৪ নির্বাচনী ইশতেহার অনুযায়ী প্রবাসী কার্ড বিতরণের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ব্যাংকের গৃহীত কার্যক্রম পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ১৪.৫ জাপানসহ বিভিন্ন দেশে ভাষাশিক্ষা ও বিশেষ দক্ষতা অর্জনের জন্য ২০২৫-২৬ অর্থবছরে কত জনকে কত টাকা এবং সেপ্টেম্বর ২০২৬ মাসে কত জনকে কত টাকা প্রদান করা হয়েছে তার তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	**প্রবাসী কল্যাণ ব্যাংক**
১৫.	**বিবিধ**	মন্ত্রণালয় কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলকে সচেষ্ট থাকার নির্দেশনা প্রদান করা হয়।	১৫.১ জেলা প্রশাসক সম্মেলনের স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করে অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের সংসদ ও সমন্বয় শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। ১৫.২ অত্র মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে অগ্নি-নিরাপত্তা নিশ্চিতকরণের উদ্দেশ্যে ফায়ার-ড্রিল আয়োজনসহ অবকাঠামোগত সংস্কার ও আনুষঙ্গিক নিরাপত্তা উপকরণের ব্যবহার উপযোগিতা নিয়মিত পরীক্ষা করতে হবে।	**সকল অনুবিভাগ প্রধান ও দপ্তর-সংস্থা প্রধান**

			১৫.৩ অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনা (GRS) থেকে প্রাপ্ত অভিযোগসমূহ স্ব-স্ব দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দ্রুততার সাথে নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে।	
			১৫.৪ মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী সকল পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে কৃচ্ছতাসাধনের উদ্যোগ গ্রহণ করতে হবে। দাপ্তরিক কাজে shared transport ব্যবহার, অনাবশ্যক বৈদ্যুতিক বাতি জ্বালানো পরিহার, শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াসে সীমিতকরণ, গাড়িতে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের ব্যবহার সীমিতকরণ এবং সরকারি কার্যক্রমে অপ্রয়োজনীয় প্রটোকল পরিহার করতে হবে। বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে কৃচ্ছতাসাধনের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	

০২। পরিশেষে, অভিবাসন ব্যবস্থাপনায় সুশাসন আরও গতিশীল করার লক্ষ্যে সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে সকলকে আরও দায়িত্বশীল ভূমিকা পালনের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৪-১০-২০২৬
মোঃ মোখতার আহমেদ
সচিব
ইমেইল : secretary@probashi.gov.bd

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩৩ / ১৪ অক্টোবর ২০২৬

নম্বর: ৪৯.০০.০০০০.০০০.০১৬.১৬.০০০২.২৪.২৩৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
৩। মহাপরিচালক (Director General), মহাপরিচালকের দপ্তর, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
৪। ব্যবস্হাপনা পরিচালক , ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)।
৫। অনুবিভাগ প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।।
৬। যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৭। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক।
৮। উপসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১০। সিনিয়র সহকারী সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১১। সহকারী সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১২। প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১৪। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

১৪-১০-২০২৬
ড. আনিছুর রহমান
উপসচিব